গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
(আইসিটি শাখা)
www.rajbari.gov.bd

**রাজবাড়ী জেলা আইসিটি কমিটির মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : আবু কায়সার খান
জেলা প্রশাসক, রাজবাড়ী
সভার তারিখ : ২১/০৩/২০২৪
সময় : বেলা ১১:৩০
সভার মাধ্যম : অনলাইন 'জুম ক্লাউড মিটিং'

সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে।

সভার শুরুতে উপস্থিত সকলকে মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **পাঠদান পরিচালনাসহ শিক্ষা কার্যক্রম সংক্রান্ত:** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে নীতিমালা অনুযায়ী তাদের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের পাশাপাশি প্রত্যেক শিশুর শারীরিক, মনসিক ও চারিত্রিক বিকাশের বিষয়ে গুরুত্বারোপ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে নীতিমালা অনুযায়ী তাদের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>খ) শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের পাশাপাশি প্রত্যেক শিশুর শারীরিক, মনসিক ও চারিত্রিক বিকাশের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।<br>গ) পাঠদান কার্যক্রমে শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী<br>৩। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী<br>৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী<br>৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজবাড়ী<br>৬। প্রতিষ্ঠান প্রধান (সকল বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ), রাজবাড়ী |
| ২ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব:** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোতে বিদ্যমান ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করতে হবে।<br>খ) স্কুল বন্ধ থাকাকালীন স্কুলের আইসিটি শিক্ষক/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক প্রতি সপ্তাহে কমপক্ষে ১ বার ল্যাবের ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রপাতিসমূহ অন/অফ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী<br>৩। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী<br>৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী<br>৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজবাড়ী<br>৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৩ | **ডি-নথি কার্যক্রমের অগ্রগতি:** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, অফিসের কার্যক্রমের গতি আনতে ও কাগজের ব্যবহার হ্রাস করতে ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির হার বাড়াতে হবে। জেলা প্রোগ্রামার, রাজবাড়ী জানান যে, অফিস এডমিন তার নিজের আইডি থেকে নিজ দপ্তরের কার্যক্রম মনিটরিং এর মাধ্যমে ডি-নথির কার্যক্রম বেগবান করতে পারবেন। | ক) ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার ডি-নথি কার্যক্রম সংক্রান্ত সহযোগিতা প্রদান করবেন।<br>গ) অফিস এডমিন সংশ্লিষ্ট দপ্তরের ডি-নথি কার্যক্রম তদারকি করবেন। | ১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী<br>৩। সহকারী কমিশনার (আইসিটি), রাজবাড়ী<br>৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **জেলা পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই সে সকল দপ্তরকে তাদের দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে। প্রোগ্রামার, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী জেলার ২৮টি দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করা হয়েছে। | ক) উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই সে সকল দপ্তরের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>খ) ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত কোন সহায়তা প্রয়োজন হলে জেলা প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী এর সাথে যোগাযোগ করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল), রাজবাড়ী<br>২। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী<br>৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী<br>৪। সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৩/২৪

আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন- ০২৪৭৮৮০৭৫৩৩
E-mail: dcrajbari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০৩১.০৩.০০১.২২.১২(৪০)/২২ তারিখ: ১০ চৈত্র ১৪৩০ / ২৪ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়; বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
৫। পুলিশ সুপার, রাজবাড়ী।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী
৮। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী
৯। অধ্যক্ষ, ......................................................................................................রাজবাড়ী
১০। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী, রাজবাড়ী
১১। সহকারী কমিশনার (আইসিটি), রাজবাড়ী
১২। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী
১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী
১৪। জেলা..............................................................কর্মকর্তা, রাজবাড়ী
১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী
১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ................................রাজবাড়ী
১৭। উপজেলা শিক্ষা অফিসার,............................................ রাজবাড়ী
১৮। প্রধান শিক্ষক,.............................................................................রাজবাড়ী
১৯। জনাব ...............................................................................

২৪/৩/২৪

অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি)
রাজবাড়ী